

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, ফেব্রুয়ারি ৯, ২০২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ শাখা
প্রজ্ঞাপন

তারিখ : ২৬ পৌষ ১৪২৭/১০ জানুয়ারি ২০২১

নং ৪৬.০০.৮২০০.০৪২.২৭.০১৫.১৯-৫৩—যেহেতু, রাজবাড়ী জেলা পরিষদের ১০নং ওয়ার্ডের সদস্য জনাব মোঃ মিজানুর রহমান এর বিরুদ্ধে দায়েরকৃত সিআর ৮৫৭/২০ ও ৮৬৭/২০ নং মামলার অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হয়েছে;

যেহেতু, জনাব মোঃ মিজানুর রহমান, সদস্য, ওয়ার্ড নং-১০, জেলা পরিষদ, রাজবাড়ী এর বিরুদ্ধে সিআর ৮৫৭/২০ ও ৮৬৭/২০ নং মামলার অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হওয়ায় তার দ্বারা জেলা পরিষদের ক্ষমতা প্রয়োগ জনস্বার্থের পরিপন্থি মর্মে সরকার মনে করে;

সেহেতু, জেলা পরিষদ আইন, ২০০০ {জেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১৬ দ্বারা সংশোধিত} এর ১০ক ধারা অনুযায়ী রাজবাড়ী জেলা পরিষদের ১০নং ওয়ার্ডের সদস্য জনাব মোঃ মিজানুর রহমানকে জনস্বার্থে সাময়িকভাবে বরখাস্ত করা হলো;

এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

মোহাম্মদ তানভীর আজম ছিদ্দিকী
উপসচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(২৫৪৩)

মূল্য : টাকা ৪.০০